দৈনিক সংবাদ

তারিখ 25 JAN 1993
পৃষ্ঠা ৮ কলাম ৭

# একুশের বইমেলা ।। প্রস্তুতি চলছে পুরোদমে

।। সালাম জুবায়ের ।। দেখতে দেখতে আবার ফিরে আসছে ফেব্রুয়ারি– ভাষা আন্দোলনের স্মৃতিবহ মাস। আর ফেব্রুয়ারি মাস এলেই আমাদের মনে আলোড়ন তোলে বাংলা একাডেমির একুশের বইমেলা।

প্রতিবছর বইমেলা শুরু হয় ৭ই ফেব্রুয়ারি। এবারই প্রথম বইমেলা শুরু হবে ১লা ফেব্রুয়ারি থেকে এবং চলবে পুরো ফেব্রুয়ারি মাস ধরে। ভাষা আন্দোলনের স্মৃতিচারণ করে নানা কর্মসূচীর মধ্য দিয়ে কেটে যায় ফেব্রুয়ারি মাস। কিন্তু বইমেলা ৭ তারিখে শুরু হয় বলে মাসের কয়েকটি দিন মেলা থেকে বঞ্চিত হয়। প্রতিবছরই সংস্কৃতিবান লোকেরা দাবি জানিয়ে আসছে বইমেলা ১লা ফেব্রুয়ারি থেকে শুরু করার জন্য। এবার কর্তৃপক্ষ সেদিকে নজর দিয়েছেন। বইমেলা ১ তারিখ থেকে আয়োজন করে বাংলা একাডেমি এবার সবার প্রশংসা পাবেন বলে মনে করা হচ্ছে।

বাংলা একাডেমি সূত্রে জানা গেছে, এবার একুশের বইমেলা অতীতের সব রেকর্ড ভেঙ্গে নতুন অধ্যায় সৃষ্টি করবে। মেলার মেয়াদ, বিস্তৃতি এবং স্টল সংখ্যা– সবদিকেই সংখ্যাধিক্য নতুন নতুন মাত্রা যোগ করবে বলে অনেকে আশা করছেন। গেল বছর ('৯২ সালে) মেলার পরিধি বাংলা একাডেমির মূল প্রাঙ্গণ ছাড়িয়ে সামনের রাজপথে স্থান করে নিয়েছিল। এবার বইমেলার স্থান আরো বেড়ে কর্তৃপক্ষ আশা করছেন দোয়েল চত্বর থেকে টিএসসি মোড় ছাড়িয়ে শাহবাগের দিকে আরো খানিকটা স্থান নিয়ে নেবে। কারণ এবার বইমেলায় স্টল চেয়ে আবেদন করেছেন গতবারের চেয়ে আরো বেশি সংখ্যক প্রতিষ্ঠান।

গতবছর সমগ্র মেলায় স্টল সংখ্যা ছিল ২৭২টি। এবার তা বেড়ে শুধু একাডেমির ভিতরেই প্রায় ৩০০ স্টল বরাদ্দ করার প্রয়োজন দেখা দিয়েছে। আর সব মিলিয়ে স্টল সংখ্যা ৫শ' ইউনিট হতে পারে। একাডেমি কর্তৃপক্ষ ইতিমধ্যে ২৮৫টি প্রতিষ্ঠানের নামে স্টল বরাদ্দ করেছেন। আগামী দিনকয়েকের মধ্যে এ সংখ্যা আরো বাড়বে। এবার মেলার বিস্তৃতি যেমন বাড়বে তেমনি মেলার শৃঙ্খলা রক্ষার জন্য ভিন্ন ব্যবস্থা নেয়া হবে। প্রাঙ্গণের বাইরে ৪টি টেলিফোন বুথ স্থাপন করার পরিকল্পনা করা হয়েছে। মেলার কোন অংশে বিশৃঙ্খলা অবস্থা সৃষ্টি হলে সাথে সাথে ইন্টারকম টেলিফোনে কন্ট্রোল রুমে খবর পৌছে যাবে। এছাড়াও গতবছরের মতো ছাত্র ব্রিগেড কাজ করবে। বর্ধমান হাউজের ছাদে এবার ২৫ ফুট লম্বা একটি ইলেকট্রনিক তথ্য বোর্ড বসানো হবে। তাতে মেলা সংক্রান্ত সব তথ্য পাওয়া যাবে। এটা আগে কখনো বসানো হয়নি।

বাংলা একাডেমির মেলা সংশ্লিষ্ট একজন কর্মকর্তা জানান, এবার নতুন বই প্রকাশিত হবে অনেক বেশি। প্রথম সারির কবিদের অনেকেরই বই বেরুচ্ছে এবার। বাংলা একাডেমি থেকে প্রায় ১শ'টি নতুন এবং ২৫টি পুনর্মুদ্রিত বই বেরুচ্ছে। এর মধ্যে উল্লেখযোগ্য বই আছে বিশ্ববিখ্যাত ১৪টি কালজয়ী বইয়ের কিশোর সংস্করণ এবং স্মৃতি '৭১ গ্রন্থের ৪টি পর্বের পুনর্মুদ্রণ। স্মৃতি '৭১-এর পঞ্চম পর্ব প্রকাশ পাবে এবার বইমেলায়। গত বছর নতুন বই প্রকাশিত হয়েছিল প্রায় সাড়ে ৩শ'টি। গত বছর প্রায় আড়াই কোটি টাকার বই বিক্রি হয়েছে বলে ধারণা করা হয়। এবার মেলার বিস্তৃতি বাড়লে বিক্রিও বাড়বে বলে আশা করা হচ্ছে।

বাংলা একাডেমি প্রাঙ্গণে এখন স্টল নির্মাণের কাজ চলছে রাতদিন। কর্মকর্তারা 'নাওয়া–খাওয়া' ভুলে অফিস করছেন অনেক রাত পর্যন্ত। পাশাপাশি প্রিন্টিং প্রেসগুলো ব্যস্ত হয়ে পড়েছে বই ছাপা নিয়ে।